তারিখ 06 FEB 1992
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬

দৈনিক বাংলা

# দেড় কোটি ছাত্র-ছাত্রীর জন্য বিনামূল্যে ৬ কোটি টাকার বই

**সুনীল ব্যানার্জী ঃ** এবার দেশের প্রায় ৫০ হাজার প্রাথমিক বিদ্যালয়ে প্রায় ছয় কোটি পাঠ্যপুস্তক বিনামূল্যে সরবরাহ করা হয়েছে। এর ফলে প্রায় দেড় কোটি ছাত্র-ছাত্রী উপকৃত হবে। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা ব্যবস্থা অর্থবহ ও কার্যকরী করার উদ্দেশ্যে এই উদ্যোগ নেয়া হয়েছে। এতে প্রায় ৩২ কোটি টাকা ব্যয় হবে। এর বেশীর ভাগ বহন করছে বিশ্ব ব্যাংক। বাকীটা বহন করছে ইউনিসেফ। প্রাথমিক শিক্ষার্থীদের পাঠ্যপুস্তক কেনার জন্য এর আগে এতো টাকা আর খরচ হয়নি। জানা গেছে যে, এরই মধ্যে দেশের অধিকাংশ বিদ্যালয়ে বিনামূল্যের এই পাঠ্যপুস্তক বিতরণ করা হয়েছে। নতুন বছরের শুরু থেকে বিনামূল্যে বই দেয়া হচ্ছে। যেসব বিদ্যালয়ে এখনও বই পৌছায়নি সেসব বিদ্যালয়ে চলতি মাসের মধ্যে পৌছে দেয়ার ব্যবস্থা করা হয়েছে।

দেশের ৩৮ হাজার সরকারী ও ৮ হাজার বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে এই পাঠ্যপুস্তক দেয়া হচ্ছে। এছাড়া আরো ৮ হাজার উচ্চ বিদ্যালয়ের সঙ্গে প্রায় ৪ হাজার প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এসব বিদ্যালয়েও পর্যায়ক্রমে বিনামূল্যে পাঠ্যপুস্তক দেয়ার ব্যবস্থা নেয়া হয়েছে। প্রথম শ্রেণী ও দ্বিতীয় শ্রেণীর ছাত্র-ছাত্রীদের জন্য তিনটি এবং তৃতীয় থেকে পঞ্চম শ্রেণীর ছাত্র-ছাত্রীর জন্য ছয়টি করে পাঠ্যপুস্তক বিনামূল্যে সরবরাহ করা হচ্ছে।

## কিন্ডারগার্টেন স্কুল

দেশের কিন্ডারগার্টেন স্কুলগুলোতে এবার বিনামূল্যে পাঠ্যপুস্তক সরবরাহ করা হবে না। শিক্ষামন্ত্রণালয় গত সপ্তাহে এই সিদ্ধান্ত নিয়েছে।

## ৬ কোটি টাকার বই

(প্রথম পৃঃ পর)

সংশ্লিষ্ট সূত্রের খবর ঃ কিন্ডারগার্টেন স্কুলের ছাত্র-ছাত্রীদের কাছে যাতে এসব পাঠ্যপুস্তক সহজলভ্য হয়, সেজন্য টেক্সট বুক বোর্ডকে এই বই বাজারে ছাড়ার নির্দেশ দেয়া হয়েছে। বোর্ড কর্তৃপক্ষ এরই মধ্যে সংশ্লিষ্ট পাঠ্যপুস্তক বাজারে ছেড়েছে।

ঢাকা মহানগরীর প্রায় দেড় হাজার-সহ দেশে প্রায় তিন হাজার কিন্ডারগার্টেন স্কুল রয়েছে। এসব স্কুলে প্রায় ছয় লাখ ছাত্র-ছাত্রী পড়াশুনা করেছে।

## এনজিও পরিচালিত

বেসরকারী সংস্থাচালিত যেসব প্রাথমিক বিদ্যালয়ে গরীব ও দুঃস্থ ছাত্র-ছাত্রী পড়াশুনা করছে তাদেরকেও বিনামূল্যে পাঠ্যপুস্তক দেয়ার চিন্তা-ভাবনা চলছে। এ সম্পর্কে গঠিত তদন্ত কমিটির রিপোর্টের ভিত্তিতে বই সরবরাহ করা হবে বলে জানা গেছে।